দৈনিক সংবাদ

তারিখ ...0.4 JAN..1996... ...
পৃষ্ঠা ১ কলাম ৫

**অনিয়ম পর্যালোচনা**

# ঢাঃ বিঃ সিনেটের বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে

॥ হাফিজুর রহমান কার্জন ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদের সময়কালে সংঘটিত বিভিন্ন অনিয়ম সম্পর্কে আলোচনা করার জন্য এ মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে। বাংলাদেশ স্বাধীন হবার পর দ্বিতীয়বারের এ বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে। এর আগে উপাচার্য আবদুল মান্নানের সময় একবার বিশেষ অধিবেশন ডাকা হয়েছিল বলে জানা গেছে।

অধিবেশন : পৃঃ ৬ কঃ ৫

## অধিবেশন ঃ ডাকা হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, সপ্তাহখানেক আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের ৩২ জন সদস্যের সই করা এক চিঠিতে ২৯শে জানুয়ারির মধ্যে সিনেটের বিশেষ অধিবেশন ডাকার জন্য উপাচার্য এমাজউদ্দিন আহমদের প্রতি অনুরোধ জানানো হয়েছে। চিঠিতে দুটো এজেন্ডার ভিত্তিতে এ বিশেষ অধিবেশন আহ্বান করার অনুরোধ করা হয়েছে। এজেন্ডা দুটো হচ্ছে ঃ শিক্ষক ও অফিসার নিয়োগে অনিয়ম এবং এ পর্যন্ত সিনেটে গৃহীত প্রস্তাব বাস্তবায়নের উদ্যোগ নেয়া।

ঢাকা ইউনিভার্সিটি অর্ডিনেন্সেস এবং রেগুলেশনস–এর ১ ধারা অনুযায়ী প্রতিবছর একবার সিনেটের অধিবেশন ডাকতেই হবে। ৪ ধারা অনুযায়ী উপাচার্য যদি অন্য কোন সময় মনে করেন বা ৩০ জন সিনেটরের সই করা কোন চিঠি পাবার পর ২১ দিনের মধ্যে সিনেটের বিশেষ অধিবেশন ডাকতে পারেন।

সূত্র মতে, সিনেটের ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি এবং নীল দল থেকে নির্বাচিত শিক্ষক প্রতিনিধিদের মধ্য থেকে ৩২ জন ঐ চিঠিতে সই করেছেন। চিঠিটি উপাচার্যের অফিসে জমা দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এটিএম জহুরুল হক। ৩২ জন সিনেটর সৌজন্যের খাতিরে উপরোক্ত এজেন্ডার ভিত্তিতে সিনেটের বিশেষ অধিবেশন ডাকার জন্য উপাচার্যের কাছে